তারিখ 15 DEC 2015
পৃষ্ঠা ২ কলাম 2

কালের কণ্ঠ

### ইউএনডিপির মানব উন্নয়ন সূচক

# ১৮৮ দেশের মধ্যে বাংলাদেশ ১৪২তম

কালের কণ্ঠ ডেস্ক ▷

২০১৫ সালের মানব উন্নয়ন প্রতিবেদনের উন্নয়ন সূচক প্রকাশ করা হয়েছে গতকাল সোমবার। প্রতিবেদন অনুসারে এবার ১৮৮টি দেশের মধ্যে সূচকে বাংলাদেশের অবস্থান ১৪২তম। ২০১৪ সালের তথ্য-উপাত্তের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। ২০১৩ সালেও বাংলাদেশের অবস্থান ছিল ১৪২তম।

প্রতিবেশী দেশগুলোর মধ্যে এবার ভারত আগের বছরের তুলনায় পাঁচ ধাপ এগিয়ে তালিকার ১৩০ নম্বরে উঠে এসেছে। আর পাকিস্তান আরো এক ধাপ নিচে নেমে গেছে। এবার তাদের অবস্থান ১৪৭ নম্বরে।

এবার মানব উন্নয়ন সূচকে প্রথম তিন দেশ হলো যথাক্রমে নরওয়ে, অস্ট্রেলিয়া ও সুইজারল্যান্ড। আর সবচেয়ে নিচে অবস্থান করা তিন দেশ হলো যথাক্রমে নাইজার (১৮৮), সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক (১৮৭) ও ইরিত্রিয়া (১৮৬)। প্রতিবেদনে মধ্য আয়ের দেশের তালিকায় যে ৩৯টি দেশ রয়েছে সেখানে বাংলাদেশও স্থান পেয়েছে, তবে এ ক্ষেত্রে অবস্থান তালিকার শেষ তিন দেশের একটি হিসেবে। সেখানে বাংলাদেশের নিচে রয়েছে কেবল কম্বোডিয়া ও সাও তোমে অ্যান্ড প্রিন্সিপে।

ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় গতকাল জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) এ প্রতিবেদন প্রকাশ করা হয়। এ বছরের প্রতিবেদন বিষয় 'কর্ম'। শুধু কর্মসংস্থান অর্থে নয়, এর বাইরে বৃহত্তর অর্থে 'কর্ম' কিভাবে মানব উন্নয়ন প্রক্রিয়াকে প্রভাবিত করে, প্রতিবেদনে সে বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, কারিগরি ও প্রযুক্তিগত পরিবর্তনের হাত ধরে কর্মক্ষেত্রে বিপুল বদল এসেছে, তার সঙ্গে নতুন সমস্যা ও সংকটও দেখা দিয়েছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি দেশের সব কর্মক্ষম মানুষের জন্য সমমর্যাদাসম্পন্ন যথাযথ কর্মের সংস্থানের ওপর আলোকপাত করা হয়েছে প্রতিবেদনে।

আয়ু, শিক্ষা ও মাথাপিছু আয়—এই তিন সূচকের ভিত্তিতে মানব উন্নয়ন সূচক নির্ধারিত হয়ে থাকে। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৫ বছরে প্রায় ২০০ কোটি মানুষের কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে দারিদ্র্য-মুক্তির পথে বিশ্ব অনেকটা এগিয়েছে। কিন্তু এখনো মাত্র দৈনিক দুই ডলারের কম আয় দিয়ে জীবন যাপন করে, বিশ্বে এমন মানুষের সংখ্যা ২০ কোটি।

প্রতিবেদন অনুসারে, বাংলাদেশের মানব উন্নয়ন সূচকের যৌগিক পরিমাণ হলো শূন্য দশমিক ৫৭০। অর্থনৈতিক অসমতার কারণে সূচকে বাংলাদেশের ক্ষতির পরিমাণ ২৯.৯ শতাংশ। বাংলাদেশের মানুষের গড় আয়ু ৭১ দশমিক ৬ বছর, গড় শিক্ষাবছর ১০, মাথাপিছু আয় তিন হাজার ১১৯ ডলার।